চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ জুলাই'২০২১খ্রি.

চট্টগ্রাম জেলা আইনজীবী করোনা বুথ স্থাপনে মেয়র
করোনা বুথ সক্রংমণ রোধে একটি সহায়ক অবলম্বন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রোজেউল করিম চৌধুরী আজ বুধবার সকালে আদালত ভবন চত্বরে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির কর্তৃক স্থাপিত কোভিড-১৯ করোনা বুথ উদ্বোধন করেন। এ সময় তিনি বলেন, কোভিড-১৯ এর ক্রম বর্ধমান সংক্রমণ ঠেকাতে সরকারি সরকারি উদ্যোগের পাশাপাশি সমাজিক উদ্যোগের গুরুত্ব অপরিসীম। আদালত ভবন এলাকায় নিত্য কার্যক্রমে জনসমাগম অধিক্য থাকেই পরিস্থিতিগত কারণে আদালতের কার্যক্রম সীমিত হলেও গুরুত্ব বিবেচনায় ক্ষেত্র বিশেষে আদালতের কার্যক্রম চলছে। তাই এখানে আগের চেয়ে কম হলেও বিচারক, আইনজীবী ও বিচার প্রার্থীদের চলাচল আছে। এ জন্যে যারা এখানে আসা-যাওয়া করছেন তাদের স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং এখানে চারটি স্থাপিত করোনা বুথ সংক্রমন রোধে একটি সহায়ক অবলম্বন। তিনি আইনজীবী সমিতির নেতৃবৃন্দকে স্থাপিত করোনা বুথগুলো দেখভালের অনুরোধ জানান।
এসময় উপস্থিত ছিলেন-চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির সভাপতি এড. এনামুল হক, সাধারণ সম্পাদক এড. এ.এইচ.এম জিয়াউদ্দিন, সাবেক সভাপতি এড. শেখ ইফতেখার সাইমুল চৌধুরী, এড. চন্দন দাশ, এড. মজিবুল হক সাবেক সাধারণ সম্পাদক এড. আইয়ুব খান, এড. এম.এ নাসের, এড. আবু হানিফ, এড. মারফুল আলম, এড. ফাতেমা হেলেন, এড. জোহারা বেগম নুনিয়া প্রমুখ।
অনুষ্ঠানে শেষে মেয়র সোনালী ব্যাংক আদালাত শাখায় পরিদর্শন করেন। সে সময় ব্যাংকের ব্যাবস্থাপক মো. মালকুতুর রহমানের নেতৃত্বে সকল কর্মকর্তা-কর্মচারীগণ মেয়রকে ফুলেল শুভেচ্ছা জানান।

সল্টগোলা ক্রসিং পশু বাজার উদ্বোধনকালে মেয়র
সরকারি নির্দেশনা ও স্বাস্থ্যবিধি না মানলে
চরম মূল্য দিতে হবে
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী আজ বুধবার বিকেলে নগরীর সল্টগোলা ক্রসিংয়ে কোরবানীর পশুর হাট উদ্বোধন কালে বলেন, স্বাস্থ্যবিধি ও সরকারি নির্দেশনা মেনেই পশু বেচা-কেনা চলবে। চলমান করোনা সংক্রমণ পরিস্থিতির উর্ধ্বগতির করণে কোরবানীর পশুর বাজারে প্রশাসন ও চসিকের সর্বাত্মক সর্তক নজরদারী রয়েছে। তাই কোন বিচ্যুতি বা নিয়মনীতি পালনে ব্যত্যয় ঘটলে বাজার কর্তৃপক্ষকে চরম মূল্য দিতে হবে। এ ক্ষেত্রে কোন ছাড় দেয়া হবে না। এই সময় উপস্থিত ছিলেন- চসিক কাউন্সিলর গোলাম মোহাম্মদ চৌধুরী, জিয়াউল হক সুমন, মো. আবদুল মান্নন, মো. মোরশেদ আলী, ইজারাদার আবু ছালে জুয়েল। মেয়র আরো বলেন, করোনার দ্বিতীয় ঢেউয়ের বিরুপ প্রভাবে পরিস্থিতি ক্রমঅবনতি শীল। সাধারণ মানুষের জীবন ও জীকিবার কথা বিবেচনা করে সরকার লক ডাউন শীতিল করলেও তা কোন অবস্থায় অবহেলা করা যাবে না।

বিএসআরএম-এর ত্রাণ সামগ্রী গ্রহণকালে মেয়র
মানবিক দায়বদ্ধতা সমাজকে পরিশুদ্ধ করে
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সমাজের বিত্তবান শ্রেণির অর্জিত সম্পদে গরীবেরও হক রয়েছে। গরীব মানুষের প্রত্যক্ষ ও পরোক্ষ শ্রমে যারা বিত্তবান হয়েছেন তাদের প্রতিদানের সময় করোনাকাল। এই প্রতিদান দিতে যারা এগিয়ে এসেছেন তাদের প্রতি মহান আল্লাহ তালার রহমত-বরকত বর্ষিত হবে। আজ বুধবার টাইগারপাসস্থ চসিকের অস্থায়ী ভবনে তাঁর কার্যালয়ে করোনাকালে কর্মচ্যুত ও দুঃস্থ্যদের মাঝে প্রদানের জন্য বিএসআরএম'র ত্রাণ সামগ্রী গ্রহণকালে এ কথা বলেন।
তিনি আরো বলেন, যে-কোন ধরণের দুযোর্গ ও মহামারী মোকাবেলায় সরকারি সহায়তা ও প্রণোদনার পাশাপাশি বেসরকারী প্রতিষ্ঠান, ব্যক্তি ও সামাজিক উদ্যোগ অনেকাংশে ফলপ্রসু। সব চেয়ে বড় কথা মানবিক দায়বদ্ধতা সমাজকে শুদ্ধ ও পরিত্রাণ দেয়। মেয়রের কাছে বিএসআরএম'র পক্ষে ত্রাণ হস্তান্তর করেন প্রশাসনিক প্রধান এ.কে.এম সাইফউদ্দিন খান, ব্যবস্থাপক জহিরুদ্দিন মোহাম্মদ ইমরুল কায়েস।
এসময় উপস্থিত ছিলেন-ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম প্রমুখ।

পরিবহণ শ্রমিকদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার বিতরণকালে মেয়র
করোনাকালে কর্মচ্যুত মানুষের দুর্ভোগ লাঘবে
পাশে দাড়ানো মানবিক দায়িত্ব

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী টাইগারপাসস্থ বাটারি হিল সম্মুখে আজ বুধবার সকালে পরিবহণ শ্রমিকদের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত উপহার সামগ্রী তুলে দেন। তিনি বলেন, সরকার বাস্তব পরিপ্রেক্ষিত বিবেচনায় লকডাউন শিথিল ও কঠোর করতে যাচ্ছে। এত অনেকের কষ্ট হচ্ছে, জীবিকা পথ বন্ধ হতে যাচ্ছে। তাবে জীবন বাঁচাতে হলে নিজের ও পরিবারের সুরক্ষা দরকার। সাময়িক এই কষ্ট লাঘবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই উপহার যথেষ্ট না হলেও আপাতত: স্বস্তিদায়ক। আমরাও যথাসাধ্য চেষ্টা করবো করোনা কালে কর্মচ্যুত মানুষের দুর্ভোগ লাঘবে সকলের পাশে দাঁড়াতে। সে সময় উপস্থিত ছিলেন-ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, চসিক প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সফিকুল মান্নান সিদ্দিকী যিশু, উপ-প্রধন পরিচ্ছন্ন কর্মকর্তা মোর্শেদুল আলম চৌধুরী, চট্টগ্রাম মহানগর সড়ক পরিবহন শ্রমিক লীগ সভাপতি মো. মিনহাজ, সাধারণ সম্পাদক কলিম শেখ, জিয়াউর রহমান, আনোয়ার হোসেন, প্রমুখ।

চসিকের ভ্রাম্যমান আদালত পরিচালিত
স্টিল মিল ও কাঠগড় এলাকায় অবৈধ পশু হাট
বসানোর দায়ে ৩ ব্যক্তিকে জরিমানা
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীর বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে নগরীর পতেঙ্গা থানাধীন স্টিল মিল বাজার ও কাঠগড় এলাকায় অবৈধভাবে কোরবানীর পশু বিক্রির বিরুদ্ধে অভিযান পরিচালনা করেন। এই সময় অবৈধভাবে খাইন বানিয়ে পশু বিক্রির দায়ে তিনটি খাইন মালিককে ২৫ হাজার টাকা জরিমানা আদায় করেন এবং দ্রুত সময়ের মধ্যে কর্পোরেশনের নির্ধারিত কোরবানীর হাটে পশুগুলি নিয়ে যাওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। অভিযানে ম্যাজিস্টেট পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করেন এবং নগরবাসীকে স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশনা প্রদান করে। করোনা ভাইরাস প্রতিরোধ কল্পে ও নগরবাসীকে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করার লক্ষে চসিকের ভ্রাম্যমান আদালত অব্যাহত থাকবে। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্য বৃন্দ।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩